

প্রিয় পিতামাতা অথবা অভিভাবক:

আপনার সন্তানের স্বাস্থ্য আমাদের কাছে গুরুত্বপূর্ণ বিষয়। নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলে আমরা স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষার ক্লাস নেই যাতে অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় ছাড়াও পারিবারিক সুস্থতা, যৌনতা ও HIV/AIDS, ইত্যাদি বয়স অনুযায়ী শিক্ষা অন্তর্ভুক্ত আছে। নতুন 'হেলথ এড ওয়ার্কস্ ইনিশিয়েটিভ' (স্বাস্থ্য শিক্ষা উদ্যোগ)-এ মেয়র ডি ব্লাজিও'র বহুবর্ষিক বিনিয়োগ আমাদের সকল স্কুলে স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষায় সহায়তা প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের সুস্থতার প্রতি DOE-এর প্রতিশ্রুতিকে জোরদার করবে।

পরিসংখ্যান থেকে জানা যায় যে, আমাদের অনেক শিক্ষার্থী আছে যাদের 13 বছর বয়সী হওয়ার আগেই যৌনতায় লিপ্ত হচ্ছে; অনেক শিক্ষার্থী আছে যাদের একাধিক যৌনসঙ্গী আছে; এবং অনেক শিক্ষার্থী আছে যারা যৌনবাহিত রোগসংক্রমণ (STIs) এবং HIV/AIDS-এর বিরুদ্ধে প্রতিরোধক গ্রহণ করে না। আমাদের ছেলেমেয়েদের যৌনতা এবং ঝুঁকিপূর্ণ আচরণের লিপ্ত হওয়ার সম্ভাব্য আশংকাজনক পরিণতি সম্পর্কে শিক্ষা প্রদানে আমাদের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আমাদের অবশ্যই শিক্ষার্থীদেরকে চিকিৎসাগতভাবে সঠিক তথ্য এবং ভাববিনিময়ের দক্ষতা প্রদান করতে হবে যা তাদের সুস্থ ও নিরাপদ থাকতে সহায়ক হবে। সেই লক্ষ্যে, মিডল ও হাই স্কুলে বাধ্যতামূলক এক সেমিস্টার, সমন্বিত স্বাস্থ্য শিক্ষা কোর্সে বয়স অনুযায়ী উপযোগী যৌন স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষা, সাথে সাথে প্রতি বছর K-12 গ্রেডের শিক্ষার্থীদের জন্য HIV/AIDS সম্পর্কিত শিক্ষা বাধ্যতামূলক।

সেই লক্ষ্যে, মিডল ও হাই স্কুলে বাধ্যতামূলক এক সেমিস্টারে, অবশ্যই সার্বিক স্বাস্থ্য শিক্ষা (হেলথ এডুকেশন) কোর্সে বয়স উপযোগী যৌন স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষার পাশাপাশি বাধ্যতামূলক HIV/AIDS পাঠ্য প্রতি বছর K-12 গ্রেডের শিক্ষার্থীদের গ্রহণ করতে হবে।

আমরা বুঝি যে, আমাদের শিক্ষার্থী ও তাদের পরিবারবর্গের বিভিন্ন প্রকার বিশ্বাস, সংস্কৃতি ও আচার-আচরণ রয়েছে। একজন পিতামাতা/অভিভাবক হিসেবে, জন্ম নিয়ন্ত্রণ বিষয়ক কিছু যৌন স্বাস্থ্য ও HIV/AIDS পাঠ্য এবং HIV/যৌনবাহিত রোগ সংক্রমণ ছড়ানোর পদ্ধতি সংক্রান্ত পাঠ্যতে আপনার সন্তানকে অংশগ্রহণ করতে না দেয়ার অধিকার আপনার রয়েছে। কিন্তু আপনি তাকে বিরত রাখার ক্লাস অথবা অন্যান্য যৌন স্বাস্থ্য বিষয়ক শিক্ষার পাঠ থেকে অপসারণ করতে পারেন না। আপনার সন্তানকে কোন্ অনুশীলনীতে অংশগ্রহণ থেকে বিরত রাখতে পারেন, তা নিয়ে যদি কোন প্রশ্ন থাকে তবে অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষক, আমাদের প্যারেন্ট কোঅর্ডিনেটর অথবা আমার সাথে যোগাযোগ করুন। এছাড়াও আপনারা NYCDOE-এর পুরো HIV/AIDS পাঠ্যক্রম অনলাইনে দেখতে পারেন <https://www.weteachnyc.org/resources/resource/hiv-aids-curriculum-2012-edition/> - ওয়েবসাইটে।

আপনি যদি আপনার সন্তানকে জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/STI প্রতিরোধক পাঠ্য বিষয়ক ক্লাসে অংশগ্রহণ করতে দিতে না চান, তাহলে আপনাকে অবশ্যই আমার কাছে নিচের বিষয়গুলো উল্লেখ করে চিঠি দিতে হবে:

- জন্ম নিয়ন্ত্রণ এবং HIV/STI প্রতিরোধ পদ্ধতির ক্লাস চলাকালে আপনার সন্তান ক্লাসরুমে উপস্থিত থাকবে না; এবং
- বাড়িতে আপনি আপনার সন্তানের সাথে এইসব প্রতিরোধ বিষয়ে আলোচনা করবেন।

অন্য সকল বিষয়ের মতই, পিতামাতা এবং অভিভাবকগণই সন্তানের প্রথম এবং সবচেয়ে প্রভাবশালী শিক্ষক। পিতামাতা, অভিভাবক এবং স্কুল – সবার লক্ষ্য এক: আমরা শিক্ষার্থীদের সব বয়সে এবং জীবনের প্রতিটি স্তরে সুস্থ-সবল দেখতে চাই। যখন আমাদের শিক্ষার্থীদের সাথে যৌনতা বিষয়ক আলোচনা প্রসঙ্গটি আসবে, আমাদের মিলিত লক্ষ্য হচ্ছে স্কুল-বয়সী কিশোর-কিশোরীদের যৌন কর্মকাণ্ড বিলম্বিত করা। হেলথ এডুকেশন (স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষা) ক্লাসে কী শিখছে এবং সুস্থ জীবনযাপনের জন্য আপনারা যেটা ভালো বলে বিশ্বাস করেন তা তারা জানে কিনা সেটা নিশ্চিত হতে আপনার সন্তানকে প্রশ্ন করার জন্য আমরা উৎসাহ দিচ্ছি। যৌন স্বাস্থ্য সম্পর্কে সন্তানের সাথে আপনি যে আলোচনা করেন সেগুলো ক্লাসে স্বাস্থ্য বিষয়ক যে শিক্ষা তারা পাচ্ছে সেগুলোকে আপনার পারিবারিক মূল্যবোধের সাথে প্রাসঙ্গিক করবে। পুনশ্চ, হেলথ এডুকেশন (স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষা) ব্যাপারে কোনো প্রশ্ন থাকলে, কিংবা আমাদের স্কুলের হেলথ এডুকেশন পাঠ্যক্রম পর্যালোচনা করতে চাইলে অনুগ্রহ করে আপনার সন্তানের শিক্ষকের বা আমার সাথে যোগাযোগ করুন।

বিনীত,

প্রিন্সিপ্যাল